শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

ISO 9001:2015 Certified

# দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

জয়নগর,চন্ডিপুর,ফুলবাড়ী,বিরামপুর, দিনাজপুর।

মোবাইল নং-০১৭৬৯৪০১১২৮
ই-মেইল-dpbstwo@gmail.com
ওয়েব সাইট- www.pbs2.dinajpur.gov.bd

স্মারক নং- ২৭.১২.২৭৩৮.৫৪৪.০১.০৩৮.২২. ৩৫৪০ তারিখঃ ১৬ ভাদ্র, ১৪২৯ বঙ্গাব্দ
৩০ আগস্ট, ২০২২ খ্রিঃ

## "কলাপসিবল গেট" তৈরী ও স্থাপনের দরপত্র (RFQ) আহবান "

দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নির্মান স্টোরের মূল দরজায় স্থাপনের লক্ষ্যে "কলাপসিবল গেট" তৈরীর নিমিত্তে পবিস তহবিলের আওতায় নিম্নবর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | দরপত্র নং (RFQ) | বিবরণ | পরিমাণ | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১. | ১৩/২০২২-২৩ | লোহার কলাপসিবল গেট (আনুমানিক ৩০০ কেজি)<br>সাইজঃ দৈর্ঘ্য-৮´ × প্রস্থ-৯ (৭২ স্কয়ার ফুট)<br>পাতি-১″-৬ এমএম, ফ্রেম-২″ × ২″-৬ এম এম,<br>(কেজি হিসাবে দর দাখিল করতে হবে, গেট তৈরী ও স্থাপনের মজুরীসহ) | ০১টি<br>(৩০০ কেজি) | | |
| ২. | | কলাপসিবল গেটের উপরের গ্রিল, রড ও এঙ্গেল দ্বারা তৈরী<br>(রড ও এঙ্গেল অফিস কর্তৃক সরবরাহকৃত)<br>শুধুমাত্র মজুরী বাবদ | - | | |
| | | | | মোট = | |

কথায়ঃ ..........................................................................................

দরপত্র প্রদানের স্থান ও সময়

| | | |
|---|---|---|
| ০১। | RFQ জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময় | ০৭/০৯/২০২২ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২। | RFQ জমা দেয়ার স্থান | পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর |
| ০৩। | RFQ খোলার তারিখ, সময় ও স্থান | ০৭/০৯/২০২২ খ্রিঃ তারিখ বুধবার বেলা ১১:৩৫ ঘটিকায় পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এবং দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, বিরামপুর, দিনাজপুর। |

শর্তাবলীঃ

০১। উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে সীলমোহরকৃত দরপত্র পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা অথবা দিনাজপুর পবিস-২ এর সদর দপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর এর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত দরপত্রসমূহ বর্ণিত সময়সূচী অনুযায়ী স্ব-স্ব দপ্তরে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে।

০২। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদপত্র, আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৩। দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

০৪। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে **"কলাপসিবল গেট তৈরী ও স্থাপনের দরপত্র "** কথাটি লিখতে হবে।

০৫। কার্যাদেশ অনুযায়ী নমুনা মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল সমিতির বিবরণ/ নমুনা মোতাবেক না হলে সে ক্ষেত্রে আপনার নিজ খরচে ও নিজ দায়িত্বে ত্রুটিমুক্ত মালামাল সমিতিতে পুনঃ সরবরাহ করতে হবে।

০৬। কার্যাদেশ ইস্যুর তারিখ হতে সর্বোচ্চ ১০ (দশ) দিনের মধ্যে মালামাল নিজ খরচে ও নিজ দায়িত্বে সমিতিতে সরবরাহ পূর্বক নির্দেশিত স্থানে স্থাপন কাজ সম্পন্ন করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশে উল্লিখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

০৭। মালামাল ডেলিভারী গ্রহণের প্রাক্কালে অত্র সমিতির কারিগরী জ্ঞান সম্পন্ন প্রতিনিধি এর উপস্থিতিতে প্রয়োজনীয় পরীক্ষা উত্তীর্ণ সাপেক্ষে মালামাল গ্রহণ করা হবে।

০৮। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৯। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে সমিতির সদর দপ্তর হতে নমুনা দেখাসহ প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।

১০। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন সকল বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক / সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।

৩০।৮।২২

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।

অনুলিপিঃ নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র বক্সে দরপত্র গ্রহণের অনুরোধ সহ)।
০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
০৩। পুলিশ সুপার, দিনাজপুর।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/ সড়ক ও জনপদ, দিনাজপুর।
০৬। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার...........................পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার...................... উপজেলা, দিনাজপুর।
০৯। মেয়র, .............................পৌরসভা, দিনাজপুর।
১০। সিনিয়র ডিজিএম, দিপবিস-২।
১১। সহকারী প্রকৌশলী, বাপবিবো, দিনাজপুর। (দরপত্র মূল্যায়নের জন্য নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো)।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), দিপবিস-২।
১৩। এজিএম (আইটি), দিপবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য )।
১৪। নোটিশ বোর্ড/ অফিস কপি / মাষ্টার কপি।

৩০।৮।২২

(মোঃ শহীদ উদ্দিন)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)।